ইত্তেফাক

তারিখ 27/8/78
পৃষ্ঠা 2 কলাম 6

204

# জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় সংবাদ

সাভার (ঢাকা), ২৪শে আগষ্ট (নিজস্ব সংবাদদাতা)—গত ৩রা আগষ্ট হইতে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে রমজানের ছুটি চলিতেছে। রমজানের ছুটি থাকিলেও বিশ্ববিদ্যালয় হলগুলিতে বেশ কিছু সংখ্যক ছাত্র ছাত্রী অবস্থান করিতেছে। রমজানের পরে শেষবর্ষ এম, এ ক্লাসের ছাত্র-ছাত্রীদের পরীক্ষা বিধায় তাহারা লেখাপড়ার জন্য হলে অবস্থান করিতেছে। কিন্তু হলগুলিতে খাওয়া-দাওয়ার কোন ব্যবস্থা না থাকায় ছাত্র-ছাত্রীদের বেশ অসুবিধা হইতেছে।

## সেবা কর্মসূচীর উদ্বোধন

বিশ্ববিদ্যালয়ের ভূগোল বিভাগের উদ্যোগে পরিচালিত 'পল্লী উন্নয়ন সেবা' কর্মসূচীর উদ্বোধন করেন শিক্ষামন্ত্রী কাজী জাফর আহমেদ। গত ১৭ই আগষ্টের উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ভারপ্রাপ্ত ভাইস চ্যান্সেলর অধ্যক্ষ সফিকুর রহমান। অনুষ্ঠানে প্রকল্প পরিচালক ডঃ কামারুদ্দিন ছাড়াও ডঃ সৈয়দ সফিউল্লা ও অধ্যাপক এম, আই চৌধুরী বক্তব্য রাখেন। শিক্ষামন্ত্রী তাঁহার ভাষণে বলেন যে, সমাজ ও গ্রামের বাস্তব অবস্থার পরিবর্তন ছাড়া এই ধরনের উদ্যোগ হইতে কোন ফল পাওয়া যাইবে না।

## নূতন প্রভোষ্ট

বিশ্ববিদ্যালয়ের আলবেরুনী হলের প্রভোষ্ট হিসাবে ডঃ আজিজুল হক দায়িত্বভার গ্রহণ করিয়াছেন। সবেক প্রভোষ্ট ডঃ কায়সার হুসেন ইতিপূর্বে পদত্যাগ করিয়াছেন।